দৈনিক
ইনকিলাব

22 JUN 2010

22 JUN 2010
পৃষ্ঠা ... কলাম ...

# অনুমোদিত জাতীয় শিক্ষানীতি অবিলম্বে জাতির সামনে প্রকাশ না করে ষড়যন্ত্র হলে আন্দোলন

## -জাতীয় ওলামা-মাশায়েখ কমিটি

স্টাফ রিপোর্টার ঃ জামায়াত সমর্থিত ওলামা-মাশায়েখ কমিটির নেতৃবৃন্দ সম্প্রতি মন্ত্রীসভায় জাতীয় শিক্ষানীতি-১০ অনুমোদনের পর অদ্যাবধি তা জাতির সামনে উত্থাপন না করায় গভীর উদ্বেগ-উৎকণ্ঠা ও ক্ষোভ প্রকাশ করেছেন। তারা অবিলম্বে জাতীয় শিক্ষানীতির অনুমোদিত কপি জাতির সামনে প্রকাশের দাবি করেছেন। অন্যথায় শিক্ষানীতি নিয়ে ষড়যন্ত্রের বিরুদ্ধে তারা দুর্বার গণআন্দোলন গড়ে তুলবেন বলে বিবৃতিতে উল্লেখ করেছেন।

বিবৃতিদাতাগণ বলেন, শিক্ষানীতি হতে হবে দেশের অধিকাংশ জনগণের চিন্তা, আকিদা-বিশ্বাস ও মতামতের ভিত্তিতে। বিগত খসড়া শিক্ষানীতিতে এর সঠিক প্রতিফলন না থাকায় দেশের শীর্ষ ওলামা-মাশায়েখ, শিক্ষাবিদ, বুদ্ধিজীবীসহ সর্বস্তরের জনগণের অব্যাহত প্রতিবাদের মুখে তা সংশোধনীর নামে কালক্ষেপণ করা হয়। সম্প্রতি জাতীয় শিক্ষানীতি-১০ মন্ত্রিসভায় অনুমোদন সত্ত্বেও জাতীয় ভাবে প্রকাশ না করায় ওই অনুমোদিত শিক্ষানীতিতে সংখ্যাগরিষ্ঠের মতামতের প্রতিফলন ঘটেছে কিনা,-গোপন রহস্য রয়েছে কিনা, এই প্রশ্নে জাতি বিব্রত।

বিবৃতিদাতা আলেমগণ হলেন, জমিয়তে ওলামায়ে ইসলাম বাংলাদেশের সভাপতি শাইখ আব্দুল মোমেন, মাসিক মদীনার সম্পাদক ও আগ্রাসন প্রতিরোধ জাতীয় কমিটির সভাপতি মাওলানা মুহিউদ্দীন খান, বাংলাদেশ খেলাফত আন্দোলনের আমীর মওলানা আহমদুল্লাহ আশরাফ, বাংলাদেশ খেলাফত মজলিসের আমীর মাওলানা মোহাম্মদ ইসহাক, মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী, বাংলাদেশ মসজিদ মিশনের সভাপতি অধ্যক্ষ মাওলানা মুহাম্মদ যাইনুল আবেদীন, ইসলামী আন্দোলনের নায়েবে আমীর মাওলানা আব্দুল বাসার, আইম্মা পরিষদের সভাপতি মাওলানা মহিউদ্দীন রব্বানী, আহকামে শরীয়াহ হেফাজত কমিটির সহ-সভাপতি মুফতী ড. মাওলানা মুহাম্মদ আবু ইউসুফ, মসজিদ মিশনের সেক্রেটারি জেনারেল ড. মুহাম্মদ খলীলুর রহমান মাদানী, আন্তর্জাতিক তাহাফফুজে খতমে নবুওয়াত বাংলাদেশের ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল মাওলানা মাহমুদুর রহমান, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির মহাসচিব মাওলানা আব্দুল লতিফ নেজামী, ফরায়েজী আন্দোলনের মহাসচিব মাওলানা আব্দুল্লাহ মোঃ হাসান, মাওলানা শাহ আরিফ বিল্লাহ সিদ্দিকী, মাওলানা আবু জাফর মুহাম্মদ মঈনুদ্দীন, মাওলানা আব্দুর রহমান চৌধুরী, মাওলানা মুহাম্মদ ফারীদ ছিদ্দিকীসহ প্রমুখ।